

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭৮৩

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১. ক্রয় বিক্রয়ের শর্তাবলী ও তার নিষিদ্ধ বিষয় - যে সমস্ত ক্রয়-বিক্রয় নিষেধ করা হয়েছে

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ _رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ يَقُولُ عَامَ الْفَتْحِ, وَهُوَ بِمَكَّةَ: إِنَّ اللَّهَ وَرَسُولَهُ حَرَّمَ بَيْعَ الْخَمْرِ, وَالْمَيْتَةِ, وَالْخَنْزِيرِ, وَالْأَصْنَامِ وَالْخِنْزِيرِ, وَالْأَصْنَامِ فَقِيلَ: يَا رَسُولَ اللَّه، أَرَأَيْتَ شُحُومَ الْمَيْتَة. فَانَّهُ تُطْلَى بِهَا السُّفُنُ. وَتُدْهَنُ بِهَا الْحُلُودُ

فَقِيلَ: يَا رَسُولَ اللَّهِ، أَرَأَيْتَ شُحُومَ الْمَيْتَةِ, فَإِنَّهُ تُطْلَى بِهَا السُّفُنُ, وَتُدْهَنُ بِهَا الْجُلُودُ, وَيَسْتَصَبْحُ بِهَا اللَّهِ لَله عليه وَيَسْتَصَبْحُ بِهَا النَّاسُ فَقَالَ: «لَا، هُوَ حَرَامٌ» , ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ عِنْدَ ذَلِكَ: «قَاتَلَ اللَّهُ الْيَهُودَ, إِنَّ اللَّهَ لَمَّا حَرَّمَ عَلَيْهِمْ شُحُومَهَا جَمَلُوهُ, ثُمَّ بَاعُوهُ, فَأَكُلُوا ثَمَنَهُ». مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (2236)، ومسلم (1581)، وجملوه، أذابوه

বাংলা

৭৮৩. জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত যে, তিনি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মঞ্চাহ বিজয়ের বছর মঞ্চাহয় অবস্থানকালে বলতে শুনেছেন : আল্লাহ তা'আলা ও তাঁর রসূল হারাম করে দিয়েছেন মদ, মৃতপ্রাণী, শূকর ও মূর্তি ক্রয় বিক্রয়। তাঁকে জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! মৃত জন্তুর চর্বি সম্পর্কে আপনি কী বলেন? তা দিয়ে তো নৌকায় প্রলেপ দেয়া হয় এবং চামড়া তৈলাক্ত করা হয়। আর লোকে তা প্রদীপ জ্বালিয়ে থাকে। তিনি বললেন, না, সেটিও হারাম। তারপর আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ তা'আলা ইয়াহুদীদের ধ্বংস করুন। আল্লাহ যখন তাদের জন্য মৃত জিনিসের চর্বি হারাম করে দেন, তখন তারা তা সংগ্রহ করে, তা বিক্রি করে তার মৃল্য ভক্ষণ করে।[1]



ক্রেতা এবং বিক্রেতার মতবিরোধের বিধান

৭৮৩-১. ইবনু মাস'উদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ ক্রেতা ও বিক্রেতার মধ্যে মতবিরোধের সময় যদি কোন সাক্ষ্য প্রমাণ না থাকে সেক্ষেত্রে বিক্রেতার কথাই গ্রহণযোগ্য হবে নতুবা তারা চুক্তি বাতিল করবে। —হাকিম একে সহীহ বলেছেন।[2]

ফুটনোট

[1] جملو অর্থঃ أذابو গলিয়ে ফেলা। বুখারী ২২৩৬, ৪২৯৬, ৪৬৩৩, মুসলিম ১৫৮১, তিরমিযী ১২৯৭ নাসায়ী ৪২৫৬, ৪২৬৯, আবূ দাউদ ৩৪৮৬, ইবনু মাজাহ ২১৬৭, আহমাদ ১৪০৬৩, ১৪০৮৬।

[2] আবূ দাউদ ৩৫১১, তিরমিয়ী ১২৭০, নাসায়ী ৪৬৪৮, ৪৬৪৯, দারেমী ২৫৪৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70594

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন